# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 08.02.2025** **Desk in Charge : S. MANDAL**

**Time : 7-50 P.M** **Compiling :- S.Biswas**

**DEO : KB** **NR : P.Biswakarma**

**Opening Announcement :-** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্যে হাওড়ার সাঁকরাইল ফুড পার্কে আমূল সংস্থা, ৬০০ কোটি টাকা ব্যয়ে বিশ্বের বৃহত্তম দই উৎপাদন কেন্দ্র তৈরি করবে।

২/ পরিবহণ ক্ষেত্রে দেড় হাজার কোটি টাকা বিনিয়োগের জন্য রাজ্য সরকারের সঙ্গে চারটি সংস্থা চুক্তিবদ্ধ হয়েছে।

৩/ পেঁয়াজের যোগান বাড়াতে বিভিন্ন জেলায় ২৫ টন সংরক্ষণ ক্ষমতাসম্পন্ন 'পেঁয়াজ গোলা' তৈরি করবে রাজ্য সরকার।

৪/ দিল্লিতে বিজেপির জয়কে কেন্দ্র করে উচ্ছ্বসিত রাজ্য বিজেপি।

# রাজ্যে এই ফলের কোনো প্রভাব নেই- বলেছে তৃণমূল কংগ্রেস।

৫/ সোমবার থেকে মাধ্যমিক শুরু।

# বাঁকুড়ার হাতি উপদ্রুত এলাকায় পরীক্ষার্থীদের জন্য বিশেষ বাসের ব্যবস্থা প্রশাসনের।

৬/ নদীয়ার কল্যাণীতে বাজি বিস্ফোরণের ঘটনায় মূল অভিযুক্তের সাতদিনের পুলিশ হেফাজত।

৭) যুবভারতী ক্রীড়াঙ্গণে ISL ফুটবলে ইস্টবেঙ্গল আজ, চেন্নাইয়ান FC-র মুখোমুখি হয়েছে।

****************************************************************

রাজ্যে ৬০০ কোটি টাকা ব্যয়ে বিশ্বের বৃহত্তম দই উৎপাদন কেন্দ্র তৈরি করবে আমূল।হাওড়ার সাঁকরাইল ফুড পার্কে এই ইন্টিগ্রেটেড ইউনিট গড়ে তুলবে আমূলের নিয়ন্ত্রক দুগ্ধ সমবায়, গুজরাত কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন (জিসিএমএমএফ)।

অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন চলাকালীন ওই সংস্থার সঙ্গে রাজ্য শিল্প উন্নয়ন নিগম এবং প্রাণিসম্পদ বিকাশ দফতরের একটি সমঝোতা স্মারক পত্র-মউ স্বাক্ষরিত হয়েছে।

সংস্থার ম্যানেজিং ডিরেক্টর জয়েন মেহতা জানান, সামগ্রিকভাবে প্রতিদিন ১৫ লক্ষ লিটার দুগ্ধ প্রক্রিয়াকরণ ক্ষমতাসম্পন্ন এই ইউনিটে প্রতিদিন ১০ লক্ষ কেজি দই উৎপাদন হবে। বর্তমানে রাজ্যে আমুলের ১০ লক্ষ লিটারের বেশি দুধ বিক্রি হয়। রাজ্যের ১৪টি জেলার প্রায় ১ লক্ষ ২০ হাজার মহিলাকে নিয়ে কাঁচামাল সংগ্রহের নেটওয়ার্ক গড়ে তুলেছে আমুল। হাওড়ায় নতুন ইউনিট গড়ে ওঠার ফলে এই নেটওয়ার্ক আরও মজবুত হবে বলে তিনি জানিয়েছেন।

********************

রাজ্যে পরিবহন ক্ষেত্রে দেড় হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। এজন্য রাজ্য সরকারের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে চারটি সংস্থা ।

সদ্য সমাপ্ত বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে যোগ দিয়ে পরিবহন সংস্থা 'বাই গো' ৩৭৫ কোটি টাকা, 'অন্তরা ক্রুজ' ৮০০ কোটি, 'হেরিটেজ ক্যাব' ২৫০ কোটি এবং 'র‍্যাপিডো' দেড়শো কোটি টাকা বিনিয়োগ করবে বলে খবর।

অন্তরা ক্রুজ আগামী পাঁচ বছরের মধ্যে এই অর্থ বিনিয়োগ করে কলকাতা শিপইয়ার্ডে মূলত দেশীয় পদ্ধতিতে জাহাজ নির্মাণ করবে। অন্যদিকে, অ্যাপ নির্ভর বাইক পরিষেবা সংস্থা 'বাই গো' আগামী বছরের মধ্যে ৩৭৫ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব দিয়েছে। রাপিডো ২০২৮ সালের মধ্যে তাদের প্রস্তাবিত দেড়শো কোটি টাকা লগ্নী করবে।

********************

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে আসা বিনিয়োগ প্রস্তাবগুলির দ্রুত রূপায়ন, শিল্প সহ বিভিন্ন দপ্তরের মধ্যে নিবিড় সমন্বয় এবং নতুন শিল্প গড়ে তোলার ক্ষেত্রে ছাড়পত্র পেতে

শিল্পপতিদের যাতে কোন অসুবিধা না হয় সেই লক্ষ্যে রাজ্য সরকার একটি সমন্বয় কমিটি তৈরি করেছে।

মুখ্যসচিব মনোজ পন্থ-এর নেতৃত্বে ১৯ সদস্যের এই 'স্টেট লেভেল ইনভেসমেন্ট সিনার্জি কমিটি'-তে শিল্প ছাড়াও অর্থ, বিদ্যুৎ, পরিবেশ, দমকলের মতো বিভিন্ন দপ্তরের সচিবদের পাশাপাশি পুলিশের শীর্ষ আধিকারিকরা রয়েছেন।

পাশাপাশি জেলাস্তরেও জেলাশাসকের নেতৃত্বে একটি করে কমিটি তৈরি করা হয়েছে।

*******************

পেঁয়াজের যোগান বাড়াতে রাজ্য সরকার বিভিন্ন জেলায় ২৫ টন সংরক্ষণ ক্ষমতাসম্পন্ন 'পেঁয়াজ গোলা' তৈরি করছে। কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না জানিয়েছেন, হাওড়া, হুগলি, নদীয়া সহ সাতটি জায়গায় পেঁয়াজ গোলা তৈরী হবে।

মন্ত্রী আরো জানান, রাজ্যে এই মুহূর্তে ৬৪৬টি 'সুফল বাংলা' বিপণি কেন্দ্র চালু আছে। কয়েকদিন আগে বাজারে আলুর দাম যখন অনেকটা বেড়ে গিয়েছিল, তখন হাওড়া, হুগলি, কলকাতা সহ সংলগ্ন অঞ্চলে ১০৬টি অতিরিক্ত অস্থায়ী বিপণি খোলা হয়েছিল। আরও ৫০টি গাড়ি কেনা হচ্ছে। তিনি আরও জানান, রাজ্যে ২০টি ফল-সব্জি কেন্দ্র গড়ে তোলা হচ্ছে, যেখানে টমেটো পিউরি তৈরি করা হবে।

মোবাইল অ্যাপের মাধ্যমে কৃষকদের পাশাপাশি সাধারণ মানুষও প্রতিদিন জিনিসপত্রের দাম জানতে পারবেন।

*******************

বিজেপির জয় এবং আম আদমি পার্টি-র পরাজয়কে কেন্দ্র করে রাজধানী দিল্লির পাশাপাশি এরাজ্যের রাজনীতিও সরগরম। দিল্লিতে আপ-এর শীর্ষ নেতা অরবিন্দ কেজরিওয়াল, মনীশ সিসোদিয়া, সৌরভ ভরদ্বাজ, কংগ্রেসের সন্দীপ দীক্ষিত প্রমুখ পরাজিত হয়েছেন।

অন্যদিকে, বিজেপির পরবেশ সাহেব সিং, তারবিন্দার সিং মারওয়া, কপিল মিশ্র, মঞ্জিনদর সিং, আম আদমি পার্টির আতিশি, সোম দত্ত, গোপাল রায়, বীরেন্দ্র সিং, কুলদীপ কুমার প্রমুখ জয়লাভ করেছেন।

দিল্লিতে বিজেপির জয়লাভে, সেখানকার মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। তিনি আজ দিল্লিতে প্রবাসী বাঙ্গালীদের সঙ্গে বিজয়োৎসব পালন করেন। শ্রী মজুমদার বলেন, দিল্লির নির্বাচন থেকে দল যে অভিজ্ঞতা লাভ করেছে, তা' যথাযথ সময়ে বাংলাতেও প্রয়োগ করা হবে। প্রবাসী বাঙালীরা এই নির্বাচনের মাধ্যমে তৃণমূল কংগ্রেসকে বার্তা দিয়েছেন।

( বাইট- সুকান্ত )

অন্যদিকে, বিজেপির দা বি নস্যাৎ করে দিয়েছেন তৃণমূল কংগ্রেসের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। তিনি বলেন, দিল্লির ভোটের ফলাফলের কোনও প্রভাব এই রাজ্যে পড়বে না।

( বাইট- কুণাল )

দিল্লি বিধানসভার নির্বাচনে কংগ্রেস কোনও আসন না পেলেও এই ফলাফলে অনেকের হাড়ে যে কাঁপুনি ধরবে এটা স্বাভাবিক বলে মন্তব্য করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। তিনি বলেন, বিজেপির বিরুদ্ধে তাঁর দল লড়াই করে। কিন্তু কংগ্রেসের এই লড়াইকে সামনে রেখে অন্যান্যরা দর কষাকষি করে থাকে।

( বাইট- শুভঙ্কর )

********************

আগামী সোমবার ১০'ই ফেব্রুয়ারী থেকে রাজ্যে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। এবার দু'হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন ছাত্রছাত্রী পরীক্ষা দেবে। এর মধ্যে ৫ লক্ষ ৫৫ হাজার ৯৫০ জন ছাত্রী।

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, প্রশ্ন ফাঁস ও টোকাটুকি রুখতে বিশেষ নজর দেওয়া হবে। শৌচালয়েও চলবে আলাদা করে নজরদার।

এদিকে, জঙ্গল লাগোয়া এলাকায় মাধ্যমিক পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিশেষভাবে সক্রিয় বনদপ্তর। বাঁকুড়ার যে সমস্ত জঙ্গল এলাকায় হাতির উপদ্রব রয়েছে, সেখানকার পরীক্ষার্থীদের কেন্দ্রে পৌঁছনো এবং বাড়ি ফেরার জন্য বিশেষ বাসের ব্যবস্থা করা হয়েছে।

অন্যদিকে, জলপাইগুড়ি জেলা প্রশাসন, চা বাগান অধ্যুষিত এলাকায় বনদপ্তরের গাড়িতেই পড়ুয়াদের পরীক্ষা কেন্দ্রে পৌঁছে দেবার ব্যবস্থা করেছে। জঙ্গল এলাকার জন্য রয়েছে ২৫টি গাড়ি। পাশাপাশি বিভিন্ন রুটে সরকারি-বেসরকারি মিলেয়ে ১০০ র বেশী বাস চলবে।

*******************

চলতি বছর যেসব মাধ্যমিক পরীক্ষার্থী অ্যাডমিট কার্ড পায়নি কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে তাদের জন্যে বিশেষভাবে অনলাইন পোর্টাল খোলার পর আজ বিকাল পাঁচটা পর্যন্ত ১০৩টি বিদ্যালয়ের ১৪১ জন ছাত্র ছাত্রী অ্যাডমিট কার্ড সংগ্রহ করেছে বলে মধ্যশিক্ষা পর্ষদ জানিয়েছে।

*******************

প্রধানমন্ত্রী আসন্ন পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করবেন।

আগামী ১০-ই ফেব্রুয়ারী সোমবার সকাল ১১-টা থেকে গীতাঞ্জলী, সঞ্চয়িতা এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে একযোগে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটির বাংলা অনুবাদ প্রচারিত হবে ঐ দিনই রাত সাড়ে ৯ টায় আকাশবানী কলকাতার গীতাঞ্জলী এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে। কলকাতা থেকে প্রচারিত এই অনুষ্ঠান, বিভিন্ন রিলে কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে।

*******************

RG KAR হাসপাতালে নিহত চিকিৎসক-পড়ুয়ার বাবা মা আজ দুপুরে নিউটাউনে একটি হোটেলে গিয়ে RSS প্রধান মোহন ভাগবতের সঙ্গে দেখা করেন। পরে বাড়ি ফিরে সাংবাদিকদের নির্যাতিতার বাবা-মা বলেন, শ্রী ভাগবত CBI-এর দেওয়া চার্জশিট, নিম্ন আদালতের রায়ের কপি দেখেছেন। তাঁদের মেয়ের ন্যায়বিচারের জন্য CBI-এর উপর চাপ বাড়ানোর পাশাপাশি বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির সঙ্গেও তিনি কথা বলবেন বলে মোহন ভাগবত তাঁদের আশ্বস্ত করেছেন।

*******************

নদীয়ার কল্যাণীতে বাজি বিস্ফোরণে চারজনের মৃত্যুর ঘটনায় ধৃত কারখানার মালিক সাধন বিশ্বাস ওরফে খোকনকে, আজ কল্যানী আদালতে তোলা হলে সাতদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। কারখানায় বিস্ফোরণের পর তার বাড়িতে তল্লাশি চালিয়ে প্রায় দুই কুইন্টাল বাজি ও বাজি তৈরির মশলা উদ্ধার করে পুলিশ। খোকনের দোকানে আতশবাজি বিক্রির অনুমতি ছিল। কিন্তু ওই দোকানের আড়ালেই অবৈধভাবে বাজির কারখানা চলত বলে জানা গিয়েছে। কল্যাণীর ২০ নম্বর ওয়ার্ডের রথতলা মোড়ে তার বাজি কারখানায় কাজ করতেন বেশ কয়েক জন মহিলা।

এদিকে, ফরেন্সিক দল আজ অকুস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করে। ফরেনসিক ডিপার্টমেন্টের এসিস্ট্যান্ট ডিরেক্টর ডক্টর দেবাশীষ সাহা সাংবাদিকদের জানান, নমুনা পরীক্ষার পরই বিস্ফোরণের কারণ বলা যাবে।

কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর আজ ঘটনাস্থলে যান । পরে সাংবাদিকদের তিনি বলেন, বিনা লাইসেন্সে বাজি কারখানা তৈরি করে এলাকার পরিস্থিতি ভয়াবহ করে তোলা হচ্ছে। ( বাইট- শান্তনু )

বেআইনি বাজি কারখানার জন্য রাজ্য বারুদের স্তূপে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

( বাইট সুজন)

********************

সরকারি ভাতা নিয়ে বেসরকারি জায়গায় প্রাইভেট প্র্যাকটিস করার অভিযোগে স্বাস্থ্য দপ্তর, ১৯ জন চিকিৎসককে তলব করেছে।

স্বাস্থ্যসাথীর নথি থেকে পাওয়া প্রমানের ভিত্তিতে তাদের তলব করে এই সংক্রান্ত বিশেষ কমিটির সামনে হাজিরা দিতে বলা হয়েছে। এর মধ্যে পূর্ব মেদিনীপুরের তাম্রলিপ্ত মেডিক্যাল কলেজের ৯ জন সহ বিভিন্ন জেলার সরকারি হাসপাতালের চিকিৎসকরা রয়েছেন। এই চিকিৎসকদের যাবতীয় নথি নিয়ে আগামী ১২ ও ২০ ফেব্রুয়ারি কমিটির সামনে হাজিরা দিতে বলা হয়েছে।

********************

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ISL ফুটবলে ইস্টবেঙ্গল , চেন্নাইয়িন এফসির মুখোমুখি হয়েছে। **একটু আগে পাওয়া খবরে জানা গেছে,** চেন্নাইয়িন এফসি দুই-শূণ্য গোলে এগিয়ে আছে।

************************************************************************